

💵 সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৭৫৩

২০. কোমলতা অধ্যায় (كتاب الرقاق)

পরিচ্ছেদঃ ৭. মিথ্যা সম্পর্কে

باب فِي الْكَذِبِ

আরবী

أَخْبَرَنَا عُثْمَانُ بْنُ مُحَمَّدٍ حَدَّثَنَا جَرِيرٌ عَنْ إِدْرِيسَ الْأَوْدِيِّ عَنْ أَبِي إِسْحَقَ عَنْ أَبِي اللَّهُ وَسَلَّمَ قَالَ إِنَّ شَرَّ الرَّوايَا الْأَحْوَصِ أَنَّ عَبْدَ اللَّهِ يَرْفَعُ الْحَدِيثَ إِلَى النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ إِنَّ شَرَّ الرَّوايَا الْأَحْرِبِ وَلَا يَصْلُحُ مِنْ الْكَذِبِ جِدُّ وَلَا هَزْلٌ وَلَا يَعِدُ الرَّجُلُ ابْنَهُ ثُمَّ لَا يُنْجِزُ لَهُ إِنَّ الصِّدْقَ يَهْدِي إِلَى الْبِرِّ وَإِنَّ الْبِرِّ وَإِنَّ الْبِرِّ وَإِنَّ الْبِرِ وَإِنَّ الْبِرِ وَإِنَّ الْبِرِ وَإِنَّ الْبِرِ وَإِنَّ الْبِرِ وَإِنَّ الْبِرِ وَإِنَّهُ يُقَالُ لِلصَّادِقِ صَدَقَ وَبَرَّ وَيُقَالُ لِلْكَاذِبِ كَذَب وَفَجَر وَإِنَّ الْفُجُورِ وَإِنَّ الْفُجُورِ وَإِنَّ الْفُجُورِ وَإِنَّ الْبَرِ وَإِنَّهُ يُقَالُ لِلصَّادِقِ صَدَقَ وَبَرَّ وَيُقَالُ لِلْكَاذِب كَذَب وَفَجَر وَإِنَّ الْفُجُورِ وَإِنَّ الْفُجُورِ وَإِنَّ الْفُجُورِ وَإِنَّ الْعَضْهُ وَإِنَّ الْعَضْهُ وَإِنَّ الْعَضْهُ وَإِنَّ الْعَضْهُ وَإِنَّ الْعَصْهُ هِيَ النَّمِيمَةُ الَّتِي تُفْسِدُ بَيْنَ النَّاسِ لَاللَّهِ عَنْدَ اللَّهِ صِدِيقًا وَيَكْذِبُ حَتَّى يُكْتَبَ عِنْدَ اللَّهِ كَذَّابًا وَإِنَّهُ قَالَ لَنَا هَلْ أَنْبِيُّكُمْ مَا الْعَضْهُ وَإِنَّ الْعَضْهُ وَالْمَالِ الْعَالَى الْمُعْمِلُولَ الْعَلْلَ الْمَالِقِ الْمَالِي الْمَلْعُونِ وَالْعَالِي الْعَمْلِي الْمَالِي الْعَلْمَالَ الْعَالَ الْعَالَ الْمَالِي الْعَالَ الْمُعْمِلُ الْمُنْ الْمُلْولِ الْمُلْعِلَ الْمَالِي الْمَالِي الْعُلْمُ الْمُعْمِلُ الْمُعْمِلِي الْمَالِي الْمَالِي الْمُلْعِلْمُ الْمُلْعِلَى الْمُعْمِلِي الْمُلْعِلِي الْمُؤْلِقُ الْمُلْعُلِي الْمُعْمِلُهُ الْمُلْعِلَالِهُ الْمُلْعِلْمُ الْمُعْمِلُ الْمُعْمِلُولُ الْمُعْمِلِهُ الْمُلْعِلِي الْمُعْلِي الْمُعْلِي الْمِلْعُلِي الْمُعْمِلِي الْمِلْع

বাংলা

২৭৫৩. আবদুল্লাহ ইবনু মাস'উদ রাদ্বিয়াল্লাছ আনহু থেকে বর্ণিত। তিনি রসূলুল্লাহ সাল্লাল্লাছ 'আলাইহি ওয়াসাল্লাম হতে বর্ণনা করেন, তিনি বলেছেন: "সবচেয়ে নিকৃষ্ট বর্ণনাকারী হলো মিথ্যা বর্ণনাকারী। অন্তর থেকে (তথা প্রকৃত) হোক কিংবা হাসি-ঠাট্রা-রসিকতা করেই হোক, মিথ্যা বলা ঠিক নয়। এমনকি কোনো লোক যেন নিজ সন্তানের সাথেও এমন ওয়াদা না করে, যা সে পূরণ করবে না। নিশ্চয় সত্যবাদীতা (মানুষকে) পুণ্যের পথে চালিত করে এবং পুণ্য জান্নাতের দিকে চালিত করে। পক্ষান্তরে মিথ্যাচার (মানুষকে) পাপাচারের দিকে চালিত করে এবং পাপাচার জাহান্নামের দিকে চালিত করে। আর সত্যবাদী ব্যক্তি সম্পর্কে বলা হয়, সে সত্য বলেছে ও পুণ্যের কাজ করেছে।

বিপরীতে মিথ্যবাদী সম্পর্কে বলা হয়, সে মিথ্যা বলেছে ও পাপাচার করেছে। কোন ব্যক্তি সত্য কথা বলতে বলতে অবশেষে আল্লাহর নিকট 'সিদ্দীক' বা সত্যবাদী হিসাবে লিপিবদ্ধ হয়ে যায়। অপর দিকে কোন ব্যক্তি মিথ্যা কথা বলতে বলতে অবশেষে আল্লাহর নিকট 'কাযযাব' বা মিথ্যাবাদী হিসাবে তালিকাভুক্ত হয়।"তিনি আমাদেরকে বলেন: "আমি কি তোমাদেরকে জানিয়ে দেব না, 'আযহ' বা চোগলখুরী কী? তা হচ্ছে কুৎসা রটনা করা, যা মানুষের মাঝে বৈরিতার সৃষ্টি করে।"[1]



ফুটনোট

[1] তাহক্রীক্ব: এর সনদ সহীহ।

আমরা এর পূর্ণ তাখরীজ দিয়েছি মুসনাদুল মাউসিলী নং ২৫৭৭ ও সহীহ ইবনু হিব্বান নং ৫৬৮৫ তে।

তাখরীজ: হাকিম ৪/৩০৬; ইবনু মাজাহ, মুকাদ্দামা ৪৬।

আর 'সত্যবাদীতা ও মিথ্যাবাদীতা সম্পর্কে এবং 'সত্যবাদী ও মিথ্যাবাদীর পরিণতি সম্পর্কে বুখারী ও মুসলিমে হাদীস বর্ণিত হয়েছে। আমরা এর পূর্ণ তাখরীজ দিয়েছি মুসনাদুল মাউসিলী নং ৫১৩৮ ও সহীহ ইবনু হিব্বান নং ২৭৩, ২৭৪ তে মারফু' হিসেবে।

আবার 'আযহ' বা চোগলখুরী'র অংশটি বর্ণনা করেছেন আহমাদ ১/৪৩৭ ও মুসলিম, বিরর ওয়াস সুলহ ২৬০৬ তে মারফু' হিসেবে।

হাকিম বলেন, এ হাদীসের সন্দ বুখারী ও মুসলিমের শর্তানুযায়ী সহীহ।...' আর যাহাবী তাকে সমর্থন করেছেন।

আমাদের বক্তব্য: এর সনদ মারফু' হিসেবে সহীহ, আর তা শাইখাইন বা বুখারী মুসলিমের শর্তানুযায়ী সহীহ।... আল্লাহ ভাল জানেন।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইব্ন মাসউদ (রাঃ)

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন